

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২৩৯০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস প্রমাণ করে যে, নিষেধাজ্ঞাটি কেবল ফরয সালাতের প্রযোজ্য, যেখানে কোন ব্যক্তি হুবহু একই সালাত দ্বিতীয়বার ফরয হিসেবে আদায় করে; সেক্ষেত্রে নিষেধাজ্ঞা প্রযোজ্য নয় যেখানে ব্যক্তি দ্বিতীয়বার আদায় করার ক্ষেত্রে নফল নিয়ত করে

ذَكَرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الزَّجَرَ لَمْ يَرِدْ بِهِ إِلَّا الْفَرِيضَةُ الَّتِي يُعِيدُ الْإِنْسَانُ إِيَّاهَا ثَانِيًا بَعِيْنَهَا  
دُونَ مَنْ نَوَى فِي إِعَادَتِهِ التَّطَوُّعَ

আরবী

2390 - أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ أَحْمَدَ بْنِ بِسْطَامٍ بِالأُبُلَّةِ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُعَاوِيَةَ الْجُمَحِيُّ قَالَ: حَدَّثَنَا وَهَيْبُ بْنُ خَالِدٍ عَنْ سُلَيْمَانَ النَّاجِيِّ عَنْ أَبِي الْمُتَوَكِّلِ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: دَخَلَ رَجُلٌ الْمَسْجِدَ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ صَلَّى فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَلَا مَنْ يَتَصَدَّقُ عَلَى هَذَا فَلْيُصَلِّ مَعَهُ)  
الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيُّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :  
التعليقات الحسان على صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 2390 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))  
(589).

বাংলা

২৩৯০. আবু সাঈদ খুদরী রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালাত আদায় করেছেন এমন অবস্থায় একজন ব্যক্তি মাসজিদে প্রবেশ করেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “শুনো, তোমাদের মাঝে যে এই ব্যক্তিকে সাদাকা করতে চায়, সে যেন তার সাথে সালাত আদায় করে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৬৪; দারেমী: ১/৩১৮; আবু দাউদ: ৫৭৪; সুনান বাইহাকী: ৩/৬৯; বাগাবী: ৮৫৯; হাকিম:

১/২০৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৫৮৯)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91712>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন